দৈনিক সংবাদ

তারিখ 2 0 JAN 1998 ... ...
পৃষ্ঠা ৭ কলাম ৮

### পূর্বঘোষণা ছাড়াই কেন্দ্র পরিবর্তন

# হবিগঞ্জে ১৭৬ জন ছাত্রছাত্রী প্রাথমিক বৃত্তি পরীক্ষা দিতে পারেনি

হবিগঞ্জ, ১৯শে জানুয়ারি (নিজস্ব সংবাদদাতা)। – পূর্ব ঘোষণা না দিয়ে হঠাৎ করে পরীক্ষা কেন্দ্র পরিবর্তন করায় গত ৭ ও ৮ই জানুয়ারি হবিগঞ্জ সদর থানার ১৭৬ জন ছাত্রছাত্রী প্রাথমিক বৃত্তি পরীক্ষা দিতে পারেনি। পরীক্ষার প্রথম দিনে অভিভাবকরা প্রবেশপত্রে উল্লেখিত বিকেজিসি সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় কেন্দ্রে ছেলেমেয়েদের রেখে যান। এ কেন্দ্রে ৭২৮ জন ছাত্রছাত্রীর স্থান সংকুলান না হওয়ায় প্রায় অর্ধেক ছাত্রছাত্রী হবিগঞ্জ সরকারি উচ্চ বিদ্যালয়ে পরীক্ষা নেয়ার সিদ্ধান্ত নেয়া হয়। যেসব অভিভাবক তাৎক্ষণিকভাবে কেন্দ্রে উপস্থিত ছিলেন তারা নিজের ছেলেমেয়েদের নতুন কেন্দ্রে নিয়ে পরীক্ষায় অংশ নেয়াতে পেরেছেন। অনেকে কেন্দ্র ঘুরে বিলম্বে নতুন কেন্দ্রে এসে পরীক্ষা দিতে হয়েছে। যারা পরীক্ষা শেষ হবার সামান্য আগে সন্তানদের টিফিন নিয়ে হাজির হয়েছেন তাদের সন্তান পরীক্ষা দিতে পারেনি। ফলে ১৭৬ জন ছাত্রছাত্রী প্রাথমিক বৃত্তি পরীক্ষা থেকে বঞ্চিত হয়েছে। অভিভাবকরা বিমর্ষ ছাত্রছাত্রী নিয়ে স্থানীয় প্রেসক্লাবে এসে কান্নায় ভেঙে পড়েন। নতুন কেন্দ্রে যারা এসে পরীক্ষা দিয়েছে তাদের উত্তরপত্রে, প্রবেশপত্রে উল্লিখিত কেন্দ্রের নাম লিখতে হয়েছে। পরিবর্তিত কেন্দ্র অভিভাবকদের জানাতে ব্যর্থতা ও ১৭৬ জন ছাত্রছাত্রীর বৃত্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে না পারার দায়ে থানা শিক্ষা কর্মকর্তা দিলীপ কুমার বণিকের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের জন্য অভিভাবকরা সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছেদাবিজানিয়েছেন।

**শীতবস্ত্র বিতরণ**

জেলা পুলিশ প্রশাসন দুস্থ মানুষের মাঝে শীতবস্ত্র বিতরণ করেছে। গত ৭ই জানুয়ারি সকাল ১১টায় স্থানীয় সার্কিট হাউসে বস্ত্র বিতরণ কর্মসূচির উদ্বোধন করেন জেলা আওয়ামী লীগের সভাপতি এডভোকেট এনামুল হক মোস্তফা শহীদ এমপি। শীতবস্ত্র বিতরণকালে অন্যদের মাঝে উপস্থিত ছিলেন সিলেটের অতিরিক্ত বিভাগীয় কমিশনার তফাজ্জল হোসেন, জেলা প্রশাসক মোহাম্মদ বোরহান উদ্দিন, পুলিশ সুপার কংসধর তরফদার, পৌর চেয়ারম্যান শহীদ চৌধুরী ও প্রেসক্লাব সভাপতি এডভোকেট মোঃ সফিকুর রহমান চৌধুরী। এ কর্মসূচির প্রথম পর্যায়ে ২৫০টি পুরনো উলের সোয়েটার গরিব পুরুষ, মহিলা ও শিশুদের মাঝে বিতরণ করা হয়। জেলার বিভিন্ন স্থানে কর্মরত পুলিশ কর্মকর্তা ও সদস্যদের বেতনের টাকা থেকে এসব শীতবস্ত্র কিনে বিতরণ করা হচ্ছে বলে পুলিশ সুপার অনুষ্ঠানে জানান।